# Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)


বাংলাদেশে স্বল্পআয়ের পরিবারভুক্ত অনেক তরুণ এখনো শিক্ষা, কর্মসংস্থান এবং প্রশিক্ষণের বাইরে রয়েছে। প্রযুক্তিগত, ব্যবসায়িক ও জীবন দক্ষতার উল্লেখযোগ্য ঘাটতি থাকায় আয়বর্ধক কার্যক্রমে তাদের অংশগ্রহণ সীমিত। বিশেষ করে নারীরা আত্মকর্মসংস্থানে আগ্রহী হলেও পর্যাপ্ত ব্যবসায়িক জ্ঞান ও মূলধনের অভাবে পিছিয়ে রয়েছে। ফলে স্বল্পআয়ের পরিবারভুক্ত তরুণ ও নারীরা উদ্যোক্তা হবার ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতার সম্মুখীন হন। অন্যদিকে, দেশের অধিকাংশ ছোটো উদ্যোগ নিম্নপ্রযুক্তি নির্ভরতার (low-level technology trap) মধ্যে আবদ্ধ থাকার ফলে কম উৎপাদনশীলতা ও স্বল্পআয়ের চক্রে সীমাবদ্ধ থাকে। এছাড়া, নানা প্রতিবন্ধকতার কারণে কোনো উদ্যোগ শুরু করতে আগ্রহী তরুণরা স্টার্ট-আপ ফাইন্যান্সিংয়ের সুযোগ পান না। এ প্রেক্ষাপটে, অনানুষ্ঠানিক খাতে দক্ষতা উন্নয়ন, উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক অর্থায়নের সমন্বিত প্রয়োজনীয়তাকে বিবেচনায় নিয়ে পিকেএসএফ Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্প বাস্তবায়ন করছে।

## প্রকল্পের সারসংক্ষেপ

| | |
|---|---|
| মেয়াদ | ফেব্রুয়ারি ২০২২-ডিসেম্বর ২০৩০ |
| তহবিল | ৫৩২.৪২ মিলিয়ন মার্কিন ডলার |
| অর্থায়নকারী | বিশ্বব্যাংক, পিকেএসএফ ও সহযোগী সংস্থা |
| বাস্তবায়নকারী সহযোগী সংস্থা | ৯০টি |
| কর্ম এলাকা | সমগ্র বাংলাদেশ |



## লক্ষিত জনগোষ্ঠী




### সামাজিক অন্তর্ভুক্তি

প্রকল্পে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী যেমন দলিত, ক্ষুদ্র নৃগোষ্ঠী, চর-হাওর-পার্বত্য ও উপকূলীয় এলাকার অধিবাসী এবং প্রতিবন্ধী তরুণদের অংশগ্রহণকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।



## প্রকল্পের কার্যক্রম

**শিক্ষানবিশি কার্যক্রম (ওস্তাদ-শাগরেদ মডেল)**
স্বল্পআয়ের পরিবারভুক্ত বেকার তরুণদের হাতে-কলমে প্রশিক্ষণ

**উদ্যোক্তা উন্নয়ন ও অর্থায়ন**
ছোটো উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি ও অর্থায়ন

**চাইল্ডকেয়ার ইনোভেশন**
হোম-বেইজড চাইল্ডকেয়ার উদ্যোক্তা তৈরির মাধ্যমে শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ বৃদ্ধি

**স্থায়ী শিখন কেন্দ্র**
মাস্টার ক্র্যাফটসপার্সনদের উদ্যোগকে 'স্থায়ী শিখন কেন্দ্র' হিসেবে প্রতিষ্ঠা

**জীবন দক্ষতা ও ব্যবসায়িক দক্ষতা**
জীবন দক্ষতা, ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোক্তা উন্নয়ন

**কর্মে সম্পৃক্তকরণ**
প্রশিক্ষণপ্রাপ্ত তরুণদের উপযুক্ত কর্মে (মজুরিভিত্তিক বা স্ব-কর্মে) সম্পৃক্তকরণ

**RPL সনদায়ন**
দেশে-বিদেশে আনুষ্ঠানিক খাতে চাকরির সুযোগ বৃদ্ধি

**কমিউনিটি আউটরিচ**
স্থানীয় পর্যায়ে সচেতনতা ও অংশগ্রহণ বৃদ্ধি

**ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা**
ব্যবসায় ধারাবাহিকতা রক্ষা ও সংকট মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি

**ক্যাশলেস ট্রানজ্যাকশন**
ডিজিটাল লেনদেনের মাধ্যমে স্বচ্ছতা ও সহজতা

**সাইকোমেট্রিক প্রোফাইলিং**
উপযুক্ত দক্ষতা ও সম্ভাবনা নির্ধারণ

**কেইস ম্যানেজমেন্ট সিস্টেম**
অংশগ্রহণকারীদের রিয়েল-টাইম অগ্রগতি পর্যবেক্ষণ

## প্রকল্পের কার্যক্রমের ওপর সমীক্ষার ফলাফল

### কর্মসংস্থান সংশ্লিষ্ট ফলাফল

বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত 'Tracer Study on RAISE Apprenticeship Program' সমীক্ষার ফলাফল

এক মাসের মধ্যে কর্মে সম্পৃক্ত হয়েছেন ৮৮% অংশগ্রহণকারী
- মজুরিভিত্তিক ৬৪%
- স্ব-কর্মসংস্থান ২৪%

শিক্ষানবিশি প্রশিক্ষণকে "ভালো" বা "চমৎকার" বলেছেন ৯৮% অংশগ্রহণকারী

নিজেদের শিক্ষানবিশকে প্রথমে নিয়োগ দিতে আগ্রহী ৯৫% মাস্টার ক্র্যাফটসপার্সন

আত্মবিশ্বাস বেড়েছে ৯৩% শিক্ষানবিশের

সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে ৯০% শিক্ষানবিশের

তরুণ উদ্যোক্তা কার্যক্রমের ওপর 'A Profile of Beneficiaries of the RAISE project' সমীক্ষায় প্রাপ্ত ফলাফল

- মাসিক গড় আয় বৃদ্ধি পেয়েছে ৪৫% উদ্যোক্তার
- নতুন পণ্য বা সেবা সংযোজন করেছেন ৪৯% উদ্যোক্তা
- নতুন যন্ত্রপাতি ক্রয় করেছেন ৩২% উদ্যোক্তা
- অবকাঠামো সম্প্রসারণ করেছেন ২৭% উদ্যোক্তা
- নতুন বাজারে সম্প্রসারণ করেছেন ২০% উদ্যোক্তা
- নতুন কর্মী নিয়োগ দিয়েছেন ১৬% উদ্যোক্তা



RAISE সম্পর্কে বিস্তারিত জানতে কিউআর কোডটি স্ক্যান করুন

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)